

এইচএসসি পরীক্ষা ২০২৫-এর ফলাফল পুনঃনিরীক্ষণ

পুনঃনিরীক্ষণের নিয়মাবলি:

- ✓ <https://rescrutiny.eduboardresults.gov.bd/>-এ গিয়ে নির্ধারিত ঘরে রোল, রেজিস্ট্রেশন নম্বর পূরণ করতে হবে এবং বোর্ড ড্রপ ডাউন থেকে বোর্ড নির্বাচন করতে হবে। অতঃপর সাবমিট বাটনে ক্লিক করতে হবে।
- ✓ এরপর মোবাইল নম্বর দিতে হবে। পুনঃনিরীক্ষণের ফলাফল প্রকাশিত হলে এই নম্বরে এসএমএস পাঠানো হবে।
- ✓ পরবর্তী স্ক্রিনে শিক্ষার্থীর বিষয় ভিত্তিক ফলাফল দেখা যাবে। এক বা একাধিক বিষয়ে ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য বিষয়সমূহ নির্বাচন করে 'ফি প্রদান করুন' বাটনে ক্লিক করতে হবে।
- ✓ প্রতিটি পত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) হারে ফি প্রদান করতে হবে। দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রের আবেদন করতে হবে।
- ✓ পরবর্তী স্ক্রিনে প্রদত্ত ফি-এর পরিমাণ দেখা যাবে। টেলিটক মোবাইল সিমের মাধ্যমে ফি পরিশোধ করা যাবে। ফি পরিশোধের বিস্তারিত ধাপ সমূহ উপরোক্ত পোর্টালের "হেল্প" বাটনে ক্লিক করে দেখা যাবে।
- ✓ ফি পরিশোধ করে আবেদন পোর্টালে এসে "জমা দিন" বাটনে ক্লিক করতে হবে।

অনলাইন আবেদন সাবমিট করে টেলিটকের মাধ্যমে পেমেন্ট করতে-

মেসেজ অপশনে টাইপ করুন

RSC <> Board Name (first 3 letters) <> Roll

টেলিটক থেকে পাঠিয়ে দিন ১৬২২২ নম্বরে

এর পরে ফিরতি SMS এ টাকার পরিমাণ ও PIN পাবেন,
প্রাপ্ত PIN দিয়ে দ্বিতীয়বার SMS করতে হবে। SMS করার নিয়ম-
RSC<> Yes<> PIN<> contact No - লিখে পাঠিয়ে দিন ১৬২২২ নাম্বারে।

আবেদন করার তারিখ: ১৭/১০/২০২৫ থেকে ২৩/১০/২০২৫ তারিখ পর্যন্ত

টেলিটক-এ কথা বলুন, দেশের টাকা দেশে রাখুন।